তারিখ: 29 JUL 2017
পৃষ্ঠা: ২ কলাম: ৬

যুগান্তর

### ঢাবির ভিসি প্যানেল নির্বাচন আজ

# সাদা দলের সিনেট সভা বর্জন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য নিয়োগের জন্য তিন সদস্যের একটি উপাচার্য প্যানেল মনোনয়ন করা হবে আজ শনিবার। এই প্যানেল থেকে একজনকে বিশ্ববিদ্যালয়ের পরবর্তী উপাচার্য হিসেবে নিয়োগ দেবেন বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি। বিশ্ববিদ্যালয়ের ১০৫ সদস্যবিশিষ্ট সিনেটের অর্ধশত আসনে কোনো প্রতিনিধি না দিয়েই এ নির্বাচনের আয়োজন করা হচ্ছে। এদিকে রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধিসহ ৫০টি পদ শূন্য থাকায় উপাচার্য প্যানেল নির্বাচনে সিনেটের বিশেষ অধিবেশন বর্জনের ঘোষণা দিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিএনপি-জামায়াত সমর্থিত শিক্ষকদের সাদা দল।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের মেয়াদ শেষ হচ্ছে আগামী ২৪ আগস্ট। তিনি দ্বিতীয় মেয়াদে উপাচার্যের দায়িত্ব পালন করছেন।

নতুন মেয়াদে উপাচার্য মনোনয়নের প্রথম ধাপ 'উপাচার্য প্যানেল মনোনয়ন'। এই লক্ষ্যে আজ বিকাল ৪টায় বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে সিনেটের বিশেষ সভা আহ্বান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর আর্টিক্যাল ২১(২) ধারায় অর্পিত ক্ষমতাবলে উপাচার্য ২৯ জুলাই বিকাল ৪টায় সিনেট ভবনে সিনেটের বিশেষ সভা আহ্বান করেছেন।

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর আর্টিক্যাল ১১(১) ধারা অনুযায়ী চ্যান্সেলর কর্তৃক ভাইস-চ্যান্সেলর নিয়োগের জন্য তিনজনের একটি প্যানেল মনোনয়ন করা হবে। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান যুগান্তরকে বলেন, সিনেটের বিশেষ সভার মাধ্যমে তিন সদস্যের উপাচার্য প্যানেল মনোনয়ন দেয়া হবে। পরে এই প্যানেল থেকে একজনকে উপাচার্য নিয়োগ দেবেন রাষ্ট্রপতি।

**অধিবেশনে থাকছে না রেজিস্টার্ড গ্রাজুয়েট ও ছাত্র প্রতিনিধি**

নির্বাচনের এক দিন আগে সিনেটের রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধিসহ ৫০টি পদ শূন্য থাকায় উপাচার্য প্যানেল নির্বাচনের বিশেষ অধিবেশন বর্জনের ঘোষণা দিয়েছে সাদা দল। শুক্রবার বেলা সোয়া ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে এ ঘোষণা দেন দলের আহ্বায়ক আখতার হোসেন খান। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সাদা দলের যুগ্ম-আহ্বায়ক ও মার্কেটিং বিভাগ অধ্যাপক মোর্শেদ হাসান খান, পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও সিনেট সদস্য এবিএম ওবায়দুল ইসলাম, পরিসংখ্যান, প্রাণপরিসংখ্যান ও তথ্যপরিসংখ্যান বিভাগের অধ্যাপক লুৎফর রহমান ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান প্রমুখ।

লিখিত বক্তব্যে অধ্যাপক আখতার হোসেন খান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটের সদস্য সংখ্যা ১০৫ জন। কিন্তু বর্তমানে এর সদস্য সংখ্যা ৫৫ জন। বাকি ৫০টি পদ শূন্য রয়েছে, যেখানে ২৫ জন সদস্য রেজিস্টার্ড গ্রাজুয়েট কর্তৃক নির্বাচিত হওয়ার কথা।